



016

সরিষাবাড়ী ও ধনবাড়ী ডিগ্রী  
পরীক্ষা কেন্দ্র ও অনুষ্ঠিত  
পরীক্ষা বাতিল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে  
সরিষাবাড়ী ও ধনবাড়ী কলেজ  
কেন্দ্রে ১৯৮৮ সালের ডিগ্রী পাশ  
ও সাবসিডিয়ারী পরীক্ষাসমূহ  
সম্পূর্ণভাবে অরাজকতা ও বিশৃঙ্-  
খলার মধ্যে অনুষ্ঠিত হবার অভি-  
যোগে উক্ত কেন্দ্র দুটির সকল  
পরীক্ষা এবং কেন্দ্র দুটি বাতিল  
করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃ-  
পক্ষ নির্দেশ জারি করেছেন।

গত ২১শে ডিসেম্বর ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক  
বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর  
এবং সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক  
উক্ত দুটি কেন্দ্র পরিদর্শনে গিয়ে  
(শেষ পৃ: ১-এর ক: প্র:)

(১ম পাতার পর)

দেখতে পান যে, পরীক্ষা সংক্রান্ত  
বিধিবিধান চরমভাবে লঙ্ঘন  
করে শত শত লোক নকল সরব-  
রাহে ব্যাপৃত রয়েছে। তারা  
আরও দেখতে পান যে, নকল  
সরবরাহকারী বহিরাগত ছাত্র  
জনতার নিয়ন্ত্রণে পরীক্ষা অনু-  
ষ্ঠিত হচ্ছে এবং কেন্দ্র কর্তৃ-  
পক্ষ নীরব দশকের ভূমিকা পালন  
করছেন। পরিদর্শকবৃন্দ অনু-  
সন্ধান করে জানতে পারেন যে,  
উক্ত কেন্দ্র দুটিতে প্রথম থেকেই  
এরকম প্রহসনের মধ্যে পরীক্ষা  
অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া ইতিপূর্বে  
প্রেরিত পরিদর্শকগণও অনুরূপ  
রিপোর্ট পেশ করেন।

এই পরিপ্রেক্ষিতে ঢাকা  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা  
পরিচালনা সংক্রান্ত বিধিবিধা-  
নের ১৯-ধারা অনুযায়ী উক্ত  
কেন্দ্র দুটির ১৯৮৮ সালের চলতি  
ডিগ্রী পরীক্ষা ও কেন্দ্র দুটি বাতিল  
ঘোষণা করেছেন। খবর সংবাদ  
বিজ্ঞপ্তির।